দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
বাংলাদেশ
ডকুমেন্টেশন
কেন্দ্র



তারিখ 12 MAY 1989
পৃষ্ঠা 1, 7

## মেডিক্যাল ছাত্রদের ফাইনাল পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন চারটি মেডিক্যাল কলেজের

(শেষ পঃ ৮-এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল ছাত্রদের

( ১ম পৃঃ পর )

পঞ্চম বর্ষের ছাত্রছাত্রীরা ১৬ই মে থেকে অনুষ্ঠেয় ফাইনাল এমবিবিএস পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নিয়েছেন।

গতকাল দুপুরে জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়। ঢাকা, সলিমুল্লাহ, ময়মনসিংহ এবং বরিশাল মেডিক্যাল কলেজের ছাত্রছাত্রীদের পক্ষে বক্তব্য রখেন ইমতিয়াজ আহমদ, ওবায়দুল কাদের বাদল, জিল্লুর রহমান ফেরদৌস প্রমুখ।

ছাত্ররা মে মাসের পরিবর্তে সেপ্টেম্বরে পরীক্ষা নেয়ার দাবী জানান। পরীক্ষা পেছানোর দাবী প্রসঙ্গে তারা বলেন, বন্যা এবং রাজনৈতিক আন্দোলনের ফলে চারটি মেডিক্যাল কলেজে ক্লাস-সহ শিক্ষা কার্যক্রম এক থেকে চার মাস বন্ধ ছিল। এ অবস্থায় ছাত্রছাত্রীদের পক্ষে মে মাসে পরীক্ষায় বসা সম্ভব নয়। পরীক্ষা পেছানোর দাবীতে ছাত্রছাত্রীরা ২৯শে এপ্রিল থেকে ধর্মঘট পালন করে আসছেন বলে জানানো হয়।

মনির